

## সংবাদ বিজ্ঞপ্তি

### নোবিপ্রবিতে বিএনসিসির ব্যাটালিয়ন ক্যাম্প উপলক্ষে প্রীতিভোজ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) ৬ এবং ৮ ব্যাটালিয়ন ক্যাম্পিং ২০২৪-২৫ উপলক্ষে প্রীতিভোজ অনুষ্ঠিত হয়েছে। বিএনসিসি ময়নামতি রেজিমেন্ট এর আয়োজন করে। আজ সোমবার (২১ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবু সঈদ আল মসউদ (এনডিসি, পিএসসি), বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ ও বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) ময়নামতি রেজিমেন্টের রেজিমেন্ট কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল রাশেদুল হাসান খ্রিস।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ট্রেনিং ডিরেক্টর লেফটেন্যান্ট কর্নেল নাহিদুজ্জামান, ফ্লাইট লেফটেন্যান্ট আবেদীন, রেজিমেন্ট এ্যাডজুট্যান্ট মেজর মুনতাসির আরাফাত, নোবিপ্রবি বিএনসিসির পি ইউ ও, প্লাটুন-১ জনাব মোঃ মাহবুব আলম এবং পি ইউ ও, প্লাটুন-২ জনাব স্মর্ণিমা ঘোষ জুঁইসহ বিএনসিসির সদস্যবৃন্দ।

এসময় নোবিপ্রবি বিএনসিসির পক্ষ থেকে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবু সঈদ আল মসউদকে গার্ড অব অনার প্রদান করা হয়। পরে নোবিপ্রবি বিএনসিসির পক্ষ থেকে আগত অতিথিদের উপহার প্রদান করা হয়।



ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪